# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬২৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বিতরের পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে দুই রাকা‘আত সালাত আদায় করতেন, তাতে তিনি যা পড়তেন তার বিবরণ

## ذِكْرُ مَا كَانَ يَقْرَأُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الرَّكْعَتَيْنِ اللَّتَيْنِ كَانَ يَرْكَعُهُمَا بَعْدَ الوتر

আরবী

2626 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّثَنَا بُنْدَارٌ حَدَّثَنَا أَبُو دَاوُدَ حَدَّثَنَا أَبُو حُرَّةَ عَنِ الْحَسَنِ عَنْ سَعْدِ بْنِ هِشَامٍ: أَنَّهُ سَأَلَ عَائِشَةَ عَنْ صَلَاةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ فَقَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى الْعِشَاءَ تَجَوَّزَ بِرَكْعَتَيْنِ ثُمَّ يَنَامُ وَعِنْدَ رَأْسِهِ طَهُورُهُ وَسِوَاكُهُ فَيَقُومُ فَيَتَسَوَّكُ وَيَتَوَضَّأُ وَيُصَلِّي وَيَتَجَوَّزُ بِرَكْعَتَيْنِ ثُمَّ يَقُومُ فَيُصَلِّي ثمان ركعات يسوي بينهن في القراءة ثم يُوتِرُ بِالتَّاسِعَةِ وَيُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ فَلَمَّا أَسَنَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وأخذ اللحم جعل الثمان ستا ويوتر بالسابعة وَيُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ يَقْرَأُ فِيهِمَا {قُلْ يا أيها الكافرون} [الكافرون: 1] و {إذا زلزلت} [الزلزلة: 1].
الراوي : سَعْد بْن هِشَامٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2626 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1419).

أَبُو حُرَّةَ: اسْمُهُ وَاصِلُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ

বাংলা

২৬২৬. সা’দ বিন হিশাম থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রাতের সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে জবাবে তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম যখন ইশার সালাত আদায় করতেন, তখন সংক্ষেপে দুই রাকা‘আত সালাত আদায় করতেন। তারপর তিনি ঘুমিয়ে যেতেন আর তাঁর মাথার কাছে ওযূর পানি ও মিসওয়াক থাকতো। তারপর তিনি ঘুম থেকে উঠে মিসওয়াক করতেন এবং ওযূ করতেন অতঃপর সংক্ষেপে দুই রাকা‘আত সালাত আদায় করতেন। তারপর তিনি দাঁড়িয়ে আট রাকা‘আত সালাত আদায় করতেন। এগুলিতে তিনি সমান পরিমাণ কিরাআত করতেন। তারপর তিনি নবম রাকা‘আতের মাধ্যমে বিতর করতেন।  অতঃপর বসে দুই রাকা‘আত সালাত আদায় করতেন। তারপর যখন তিনি বয়োঃবৃদ্ধ হন এবং শরীর ভারী হয়ে যায়, তখন আট রাকা‘আতের স্থলে ছয় রাকা‘আত সালাত আদায় করেন এবং সপ্তম রাকা‘আতের মাধ্যমে বিতর করতেন। তারপর তিনি বসে দুই রাকা‘আত সালাত পড়তেন, তাতে তিনি قُلْ يا أيها الكافرون (বলুন, হে কাফিরগণ।– সূরা কাফিরূন: ১) ও إذا زلزلت (যখন পৃথিবী প্রকম্পিত হবে। -সূরা যিলযাল: ১) পড়তেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবূ হুর্রার নাম ওয়াসিল বিন আব্দুর রহমান।”

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১১০৪; আবূ দাঊদ: ১৩৫২; নাসাঈ: ৩/২২০-২২১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৪১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সা'দ ইবন হিশাম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91956

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন